নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট সূরাহ্ ওয়ান্ন নাজ্ম তিলাওয়াত করা হল কিন্তু তাতে তিনি সাজদাহ্ করেননি।

যায়দ ইব্নু সাবিত রাদয়িাল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট সূরাহ্ ওয়ান্ন নাজ্ম তিলাওয়াত করলাম কিন্তু তাতে তিনি সাজদাহ্ করেননি”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

যায়েদ ইবনে সাবেত রাদিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহর কাছে সূরা নাজম তিলাওয়াত করেন। যখন সেজদার আয়াত তিলাওয়াত করেন তখন তিনি সেজদা করেননি। এ অবস্থায় সেজদা করা ছেড়ে দেওয়া এ কথা প্রমাণ করে না যে, একেবারেই সেজদা ছেড়ে দিয়েছেন। কারণ, হতে পারে এখানে সেজদা করা ছেড়ে দিয়ে সেজদা না করা বৈধ প্রমাণ করেছেন। এটিই সর্বাধিক প্রাধান্য প্রাপ্ত সম্ভাবনা। এটিই নিশ্চিত করেছেন ইমাম শাফে‘ঈ। কারণ, সেজদা যদি ওয়াজিব হতো তাহলে তিনি তাকে পরে হলেও সেজদা করার নির্দেশ দিতেন।

https://sunnah.global/hadeeth/bn/show/11240